নিরাপদ
কর্মপরিবেশ, টেকসই
উন্নয়নের পথে বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন ও উন্নয়ন শাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

**বিষয়: ২০২১ খ্রিস্টাব্দের ৮ম সমন্বয় সভার কার্যবিবরণী, ডিসেম্বর/২০২১ খ্রি:।**

| | |
|---|---|
| সভাপতি | : মো: নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | : ২০-০১-২০২২ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | : সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : অনলাইন প্লাটফরম |
| উপস্থিতি | : **পরিশিষ্ট-ক** |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | গত সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ | ২৬-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ২৬-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ২। | আলোচ্য বিষয় অন্তর্ভুক্তি | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) বলেন যে, সভার কার্যপত্রের আলোচ্যসূচীতে নতুন কোন বিষয় অন্তর্ভূক্তির প্রস্তাব পাওয়া গেলে তা আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করা হবে। | পরবর্তী সভার কার্যপত্রের আলোচ্যসূচিতে নতুন কোন বিষয় অন্তর্ভুক্ত করতে চাইলে সংশ্লিষ্ট সকলকে সভা অনুষ্ঠানের অন্তত ০৩ (তিন) কার্যদিবস পূর্বে সে বিষয়ে লিখিত প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ৩। | মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও রাজনৈতিক কর্মকান্ডের উপর নির্মিত ডকুমেন্টারিটি সকল উপমহাপরিদর্শক কর্তৃক বিভিন্ন কারখানা/প্রতিষ্ঠানে প্রদর্শন অব্যাহত রাখার বিষয়টি সভায় আলোচিত হয়।<br>ফ্রি মেডিকেল ক্যাম্প পরিচালনার বিষয়ে উপমহাপরিদর্শক (খুলনা) বলেন যে, গত ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখে নির্ধারিত কর্মসূচি মোতাবেক ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজন করা হয়েছে এবং ৯১০ জন রোগীকে বিনামূল্যে সেবা প্রদান করা হয়েছে। | (ক) জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও রাজনৈতিক কর্মকান্ডের উপর নির্মিত ডকুমেন্টারিটি সকল উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক বিভিন্ন কারখানা/প্রতিষ্ঠানে প্রদর্শন অব্যাহত রাখতে হবে।<br>(খ) ঢাকা, নারায়ণগঞ্জ এবং সিরাজগঞ্জ কার্যালয় পুনরায় ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজনের বিষয়ে মহাপরিদর্শকের সাথে আলোচনাপূর্বক পরবর্তী সমন্বয় | ১। (প্রশাসন ও উন্নয়ন) (প্রধান সমন্বয়কারী)<br>২। যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৪। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) |

চলমান পাতা-০২

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) জানান যে, মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী শ্রমিকদের কোভিড-১৯ টিকা রেজিস্ট্রেশনে সহায়তার জন্য ২৩ টি জেলা কার্যালয়ে স্থাপিত হেল্পডেস্কের কার্যক্রম এবং বৃক্ষরোপন কর্মসূচী চলমান রয়েছে **(জেলাভিত্তিক অগ্রগতি সংযুক্ত)**।<br>খুলনা জেলার ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজনের কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় মহাপরিদর্শক সংশ্লিষ্ট উপমহাপরিদর্শককে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও বলেন যে, নির্ধারিত কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত জেলা কার্যালয়সমূহে ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজিত হলেও **ঢাকা, নারায়ণগঞ্জ** এবং **সিরাজগঞ্জ** জেলায় সেবাপ্রাপ্ত শ্রমিকের সংখ্যা তুলনামূলকভাবে কম। এমতাবস্থায়, উল্লিখিত জেলাসমূহে পুনরায় ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজন করে শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | সভার পূর্বে ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>(গ) শ্রমিকদের জন্য জাতীয় পরিচয়পত্র প্রদান ও টিকা অনলাইনে রেজিস্টেশনের ক্ষেত্রে হেল্প ডেস্কের কার্যক্রম অব্যাহত থাকবে। অগ্রগতি প্রতিবেদন অবশ্যই প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(ঘ) মুজিব জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গৃহীত বৃক্ষরোপন কর্মসূচি অব্যাহত থাকবে। অগ্রগতি আবশ্যিকভাবে **(সংখ্যায়)** প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ৫। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকবৃন্দ |
| ৪। | LIMA সংক্রান্ত কার্যক্রম | LIMA সাপোর্ট টিমের সদস্য শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) জনাব প্রতিষ্ঠা বড়ুয়া জানান যে, ক্যাটাগরি পরিবর্তন এবং পুরাতন লাইসেন্স নবায়ন সংশ্লিষ্ট সমস্যাগুলো সমাধানের জন্য ইতোমধ্যে Techno Vista-র সাথে যোগাযোগ করা হয়েছে। জানুয়ারি/২০২২ এর মধ্যে LIMA সংক্রান্ত কারিগরি জটিলতাসমূহ নিরসন করা সম্ভব হবে।<br>RTM-এর অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়। শ্রম পরিদর্শক (সেইফটি) জনাব রাশেদুল আলম, RTM-এর অগ্রগতি পর্যবেক্ষণের দায়িত্বে আছেন। RCC, ডাইফ ও BV সম্মিলিতভাবে NI এর অন্তর্ভুক্ত ১৫৪৯ টি কারখানার মধ্যে ১০২০ টি কারখানার প্রোফাইল তৈরী করেছে। RTM এ বিদ্যমান সমস্যা নিয়ে ইতোমধ্যে Techno Vista কর্তৃক কার্যক্রম চলমান রয়েছে।<br>মহাপরিদর্শক বলেন যে, দ্রুততম সময়ের মধ্যে **LIMA** অ্যাপ্লিকেশনটির আপগ্রেডেশনের কার্যক্রম শেষ হবে এবং সেক্ষেত্রে অবশ্যই জানুয়ারি/২০২২ এর মধ্যে অধিদপ্তর কর্তৃক শতভাগ লাইসেন্স LIMA-এর মাধ্যমে প্রদান করতে হবে। | (ক) LIMA সংক্রান্ত কারিগরি জটিলতাসমূহ নিরসনের কার্যক্রম আবশ্যিকভাবে জানুয়ারি/২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে। LIMA সাপোর্ট টিম বিষয়টি নিশ্চিত করবেন।<br>(খ) জানুয়ারি/২০২২ এর LIMA এর মাধ্যমে শতভাগ লাইসেন্স অনলাইনে প্রদান করতে হবে।<br>(গ) পরিদর্শন কার্যক্রম শতভাগ LIMA এর মাধ্যমে করতে হবে।<br>(ঘ) LIMA-র মাধ্যমে পরিদর্শন ও লাইসেন্স প্রদানের কার্যক্রম পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ)সকল কারখানা/প্রতিষ্ঠানের তথ্য **LIMA**-য় অন্তর্ভুক্ত-করণের কার্যক্রম শুরু করতে হবে। LIMA সাপোর্ট টিম বিষয়টি নিশ্চিত করবেন।<br><br>(চ) LIMA অ্যাপ্লিকেশন আপগ্রেডেশনের পর চূড়ান্তকরণের পূর্বে অত্র দপ্তরের পরিদর্শকদের অংশগ্রহণে একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে।<br>(ছ) RTM-এর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সেফটি)<br>৩। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা)<br>৪। LIMA সাপোর্ট টিম<br>০৫। জনাব রাশেদুল আলম, শ্রম পরিদর্শক (সেইফটি) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | মনিটর করতে হবে।<br>(জ) পরবর্তী সভায় LIMA সাপোর্ট টিমকে উপস্থিত থাকতে হবে। | |
| ৫। | হেল্পলাইন (১৬৩৫৭)-এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি | (ক) সভায় উপমহাপরিদর্শক (সাধারণ) বলেন, হেল্পলাইন নাম্বারটি অধিদপ্তরের নিজস্ব ব্যবস্থাপনায় চলমান রয়েছে এবং হেল্পলাইনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পন্ন করা হচ্ছে। তিনি হেল্পলাইনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগের তথ্য (২০২১-২২ অর্থবছরের) সভায় উপস্থাপন করেন **(সংযুক্তি-০২)**। তিনি আরও জানান যে, হেল্পলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ সুস্পষ্ট বিবরণীসহ লিপিবদ্ধ করার জন্য হেল্পলাইনে নিযুক্ত শ্রম পরিদর্শকগণকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।<br>(খ) যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) বলেন, হেল্পলাইন ও অন্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহের হালনাগাদকৃত অবস্থা অর্থাৎ নিষ্পত্তিসহ অন্যান্য তথ্য প্রত্যেক মাসের শেষে রিপোর্ট আকারে প্রধান কার্যালয়ের সাধারণ শাখায় প্রেরণ করবেন। | (ক) শ্রমিকদের নিকট প্রচারণার মাধ্যমে হেল্পলাইনের ব্র্যান্ডিং অব্যাহত থাকবে।<br>(খ) আইন অনুযায়ী সকল অভিযোগ নিষ্পত্তি করে প্রতি মাসের শেষে রিপোর্ট প্রধান কার্যালয়ের সাধারণ শাখায় প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। উপমহাপরিদর্শক (সাধারণ)<br>৪। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৫। আইসিটি সেল |
| ৬। | শিশুশ্রম নিরসন | যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) জানান, ২০২১-২০২২ অর্থবছরে (জুলাই/২০২১ হতে নভেম্বর/২০২১) পর্যন্ত ১৩৬৫ জন শিশুকে শ্রম হতে প্রত্যাহার করা হয়েছে **(জেলাভিত্তিক প্রতিবেদনঃ সংযুক্তি-০৩)।**<br>উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) সভাকে জানান যে, শিশুশ্রম নিরসনের তথ্য জেলা কার্যালয় থেকে সংগ্রহ করা হয়। কিন্তু সরবরাহকৃত প্রতিবেদনে অধিকাংশ ক্ষেত্রে বিস্তারিত তথ্য (প্রতিষ্ঠান/কারখানার তথ্য, মোবাইল নাম্বার ও অন্যান্য) দেওয়া থাকে না। বিস্থারিত তথ্যসহ প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সকল উপমহাপরিদর্শকগণকে অনুরোধ জানান। তিনি আরও বলেন, শিশুশ্রম নিরসনে ২০২২ সালের জন্য নতুন একটি খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করে ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। শুদ্ধাচার কাঠামোর আওতায় ওয়ারী এবং তেজগাঁও এলাকার ১৮ (আঠার) টি কারখানা অদ্যাবধি পরিদর্শন করা হয়েছে।<br>উপমহাপরিদর্শক রাজশাহী, বরিশাল, ময়মনসিংহ এবং খুলনা জানান যে, বিভিন্ন এনজিও-র মাধ্যমে জরিপকৃত শিশুশ্রমের যে তথ্য জেলা কার্যালয়গুলোতে প্রেরণ করা হয়েছে তা সরেজমিনে যাচাই করে অধিকাংশ ক্ষেত্রেই সঠিক পাওয়া যায় নি। | (ক) প্রতি মাসে কতজন শিশু শ্রম নিরসন হয়েছে তা প্রধান কার্যালয়ের স্বাস্থ্য শাখায় (পিতা/মাতার মোবাইল নম্বরসহ) প্রেরণ করতে হবে। প্রতিবেদনে শ্রম হতে প্রত্যাহারকৃত শিশুর বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।<br>(খ) প্রধান কার্যালয়ের প্রকল্প সেল কর্তৃক শিশুশ্রম পুনর্বাসন বিষয়ক একটি প্রকল্প গ্রহণের নিমিত্ত দ্রুত খসড়া DPP প্রণয়ন করতে হবে।<br>(গ) কেরানীগঞ্জের শিশুশ্রম নিরসনের ক্ষেত্রে তৈরি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের স্টাফ মিটিং এবং সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর আওতায় ওয়ারী এবং তেজগাঁও এলাকার ২০ (বিশ) টি কারখানা হতে শিশুশ্রম মুক্ত করার লক্ষ্যমাত্রা, | ১। যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। পরিকল্পনা ও উন্নয়ন সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (ঢাকা) |

চলমান পাতা-০৪

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | কেরানীগঞ্জের শিশুশ্রম নিরসনের অগ্রগতি বিষয়ে উপমহাপরিদর্শক (ঢাকা) জানান যে, বাংলাদেশ লেবার ফাউন্ডেশন এবং অত্র অধিদপ্তরের সমন্বয়ে একটি সেমিনার আয়োজন করা হয়েছে। এছাড়াও কেরানীগঞ্জের উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে একটি অংশীজনের সভা আয়োজন করা হয়েছে। উল্লিখিত কার্যক্রমের পাশাপশি বিধিমোতাবেক নিয়মিত পরিদর্শন চলমান আছে।<br>শিশশ্রম নিরসন সংক্রান্ত প্রকল্পের DPP প্রণয়নের অগ্রগতি জানতে চাইলে শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব মনছুর বিল্লাল জানান, প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডির জন্য দ্রুত পরামর্শক নিয়োগ করা হবে। পরামর্শক নিয়োগ করে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হল দ্রুত খসড়া DPP প্রণয়ন সম্পন্ন হবে।<br>মহাপরিদর্শক বলেন, কেরানীগঞ্জ উপজেলায় শিশুশ্রম নিরসনের জন্য প্রণয়নকৃত এক বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের কষ্টসাধ্য হলেও উপমহাপরিদর্শক (ঢাকা)-কে নিরলসভাবে কাজ করে যাওয়ার পরামর্শ প্রদান করেন। মহাপরিদর্শক আরও বলেন যে, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর আওতায় ওয়ারী এবং তেজগাঁও এলাকার ২০ (বিশ) টি কারখানা হতে শিশুশ্রম মুক্ত করার কার্যক্রমটি ঢাকা জেলার সংশ্লিষ্ট পরিদর্শকের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করতে হবে। এনজিও কর্তৃক জরিপকৃত শিশুশ্রম সংক্রান্ত তথ্যসমূহ সরেজমিনে দ্রুত যাচাই করে যদি অসামঞ্জস্যতা পাওয়া যায় তা দ্রুত লিখিতভাবে প্রধান কার্যালয়কে জানানোর জন্য সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের উপমহাপরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করেন। | ঢাকা জেলার সংশ্লিষ্ট পরিদর্শকের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করতে হবে। অগ্রগতি প্রতিবেদন পরবর্তি প্রতি সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(ঙ) এনজিও কর্তৃক জরিপকৃত শিশুশ্রম সংক্রান্ত তথ্যে অসঙ্গতি থাকলে তা দ্রুত বিস্তারিত বিবরণসহ লিখিতভাবে প্রধান কার্যালয়কে জানাতে হবে। | |
| ৭। | APA এর লক্ষ্যমাত্রা অর্জন | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) সভাকে জানান যে, ২০২১-২২ অর্থবছরে মন্ত্রণালয়ের সাথে অঙ্গীকারাবদ্ধ এপিএ চুক্তি মোতাবেক, দপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি সন্তোষজনক **(অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত)** হলেও নতুন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা কার্যালয়ের উপমহাপরির্শকগণকে অনুরোধ জানানো হয়। তিনি আরও জানান যে, লক্ষ্যমাত্রা বাস্তবায়নে প্রধান কার্যালয়ের এপিএ টিম কর্তৃক নিয়মিত মনিটরিং করা হচ্ছে।<br>মহাপরিদর্শক বলেন, ২০২১-২২ অর্থবছরের | (ক) ২০২১-২২অর্থবছরের APA চুক্তি অনুযায়ী সকল সূচকে লক্ষ্যমাত্রা পূরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) APA সংক্রান্ত মাসিক রিপোর্ট প্রধান কার্যালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে।<br>(গ) **২০২১-২২ অর্থবছরের APA লক্ষ্যমাত্রা আগামী ৩১ মে, ২০২২ এর মধ্যে ১০০% অর্জন করতে হবে।**<br>(ঘ) বাস্তবায়নের ক্ষেত্রে কোন | ১) যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২) উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা)<br>৪। APA ফোকাল কর্মকর্তা ও APA টিম |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | সকল সূচকে অবশ্যই সকল জেলা কার্যালয়ের চুক্তি অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে এবং পরবর্তী সকল সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | অসুবিধা হলে তা প্রধান কার্যালয়কে জানাতে হবে।<br>(ঙ) প্রধান কার্যালয়ের APA টিমকে প্রতিমাসে সভা করতে হবে। | |
| ৮। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) জানান, ২০২১-২২ অর্থবছরে এপিএ চুক্তি অনুযায়ী কার্যক্রম অব্যাহত থাকবে মর্মে সকল উপমহাপরিদর্শকগণ সভাকে অবহিত করেন। এছাড়াও উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে প্রধান কার্যালয় হতে রিসোর্স পার্সনকে আমন্ত্রণ জানালে প্রশিক্ষণটি আরো সাফল্যমন্ডিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | (ক) APA সহ শুদ্ধাচার এবং ইনোভেশন কাঠামোর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ সম্পাদন করতে হবে। পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত তথ্য-উপাত্ত উপস্থাপন করতে হবে।<br>(খ) অভ্যন্তরীণ প্রশিক্ষণে প্রযোজ্য ক্ষেত্রে "বাংলাদেশ শ্রম আইন-২০০৬" এবং "বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫"-এর বিভিন্ন অধ্যায় প্রশিক্ষণের বিষয় হিসাবে অন্তর্ভূক্ত করতে হবে।<br>(গ) অভ্যন্তরীণ প্রশিক্ষণে প্রধান কার্যালয়ের রিসোর্স পার্সনদেরকে অন্তর্ভূক্ত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন<br>৩।উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। প্রশিক্ষণ সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>**৫। SDG বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা** |
| ৯। | বাজেট বরাদ্দ | উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের অনুকূলে বাজেট যথাযথভাবে **PPA-২০০৬** এবং **PPR-২০০৮** অনুসরণপূর্বক খরচ করার বিষয়ে মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | ১। সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত বাজেট সরকারি অনুশাসন মোতাবেক খরচ করতে হবে।<br>**২। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম এ বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং পরবর্তী প্রতিটি সভায় এ সংক্রান্ত প্রতিবেদন মনিটরিং টিম উপস্থাপন করবেন।**<br>৩। মনিটরিং টিমের কার্যক্রম জোরদার করতে হবে। পরবর্তী প্রতিটি সভায় সংখ্যাসহ উল্লেখ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। হিসাব উপশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>৪। মনিটরিং টিমের সদস্যবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১০। | RMG কারখানার সংস্কার | যুগ্মমহাপরিদর্শক (সেফটি) সভাকে জানান যে, সংস্কার কাজ চলমান, এরুপ কারখানার সর্বশেষ অবস্থা রিপোর্ট আকারে প্রেরণের জন্য সকল জেলা কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এসংক্রান্ত রিপোর্ট দ্রুত প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য উপমহাপরিদর্শকগণকে অনুরোধ জানান। উপমহাপরিদর্শক (ময়মনসিংহ) জানান যে, ময়মনসিংহ জেলার সাবাব ফেব্রিক্স কারখানাটি নির্দেশনা মোতাবেক সংস্কার কার্যক্রম সম্পন্ন করছে না। এ বিষয়ে তিনি মহাপরিদর্শক | (ক) টাস্কফোর্স প্রদত্ত সময়সীমা অনুযায়ী কারখানাগুলো যাতে সংস্কার কার্যক্রম সম্পন্ন করে সেজন্য পরিদর্শন কার্যক্রম আরো জোরদার করে সরেজমিন পরিদর্শনসহ তাগিদপত্র প্রদান করতে হবে।<br>(খ) সংস্কার কাজ চলমান, এরুপ কারখানার সর্বশেষ অবস্থা রিপোর্ট আকারে প্রেরণ করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২। উপমহাপরির্শক (সেফটি)<br>৩। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ |

চলমান পাতা- ০৬

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মহাপরিদর্শক বলেন যে, সাবাব ফেব্রিক্স কারখানাটির সংস্কার কার্যক্রমের সর্বশেষ অবস্থা লিখিতভাবে জানাতে হবে এবং এস্কেলেশন প্রটোকল অনুযায়ী যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন। আলোচ্য বিষয়ে অন্যান্য সিদ্ধান্তসমূহ প্রতিপালন করতে হবে। | (গ) শ্রম আইন ও শ্রম বিধিমালা অনুযায়ী আইনানুগ কার্যক্রম অব্যাহত থাকবে।<br>(ঘ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী সংস্কার কার্যক্রম টাস্কফোর্সের সিদ্ধান্ত মোতাবেক ১০০% বাস্তবায়ন সম্পন্ন না হওয়া পর্যন্ত কারখানার লাইসেন্স নবায়ন বন্ধ রাখতে হবে।<br>(ঙ) আইএলও'র IA প্রজেক্টের মাধ্যমে নিয়োগকৃত ০৭ জন প্রকৌশলীর কার্যক্রম প্রধান কার্যালয়ের যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) তদারক করবেন।<br>(চ) সাবাব ফেব্রিক্সের সংস্কার বিষয়ক অগ্রগতি উপমহাপরিদর্শক (ময়মনসিংহ) কর্তৃক আগামী ০৩ কর্মদিবসের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। ময়মনসিংহ কার্যালয়ের প্রতিবেদন পাওয়ার পর যুগ্মমহাপরিদর্শক (সেইফটি), এস্কেলেশন প্রটোকল অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ১১। | রেড কারখানা | যুগ্মমহাপরিদর্শক (সেফটি) বলেন, রেড কারখানা গুলো বন্ধ করা হলেও ভবনগুলো বিদ্যমান রয়েছে। ভবনগুলোতে যেনো নতুনভাবে কোন কার্যক্রম শুরু না হয় সে বিষয়ে মনিটরিং অব্যাহত রয়েছে। তিনি আরও বলেন যে, রেড কারখানা/বিল্ডিং ছাড়াও এম্বার ক্যাটাগরির কোন ভবনে কারখানা/প্রতিষ্ঠানের কার্যক্রম চালু থাকলে বিষয়টি প্রধান কার্যালয়কে অবহিত করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা<br>মহাপরিদর্শক বলেন যে, অধিদপ্তরের বিদ্যমান জনবল দ্বারা রেড চিহ্নিত কারখানা/বিল্ডিং-গুলোতে ফলোআপ বৃদ্ধি করতে হবে। ঝুকিপূর্ণ কারখানাগুলোতে যানমালের নিরাপত্তার স্বার্থে আইন কানুন, বিধি বিধান ও প্রচলিত সকল পদ্ধতির আলোকে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণ করবেন। | (ক) রেড কারখানাগুলো বন্ধ করা হলেও ভবনগুলোতে যেনো নতুনভাবে কোন কার্যক্রম শুরু না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শক গত মনিটরিং অব্যাহত রাখবেন। এবিষয়ে প্রতি মাসে প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br><br>(খ) ঝুকিপূর্ণ কারখানাগুলোতে যানমালের নিরাপত্তার স্বার্থে আইন কানুন, বিধি বিধান ও প্রচলিত সকল পদ্ধতির আলোকে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(গ) ঝুকিপূর্ণ কারখানাসমূহে বিপদজনক/ঝুকিপূর্ণ সাইন বা অন্যান্য প্রচলিত সাইন প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ সিটি কর্পোরেশন/প্রযোজ্য সংস্থাকে পত্র প্রেরণ করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২।উপমহাপরির্শক (সেফটি)<br>৩। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১২ | ইনোভেশন কার্যক্রম | ইনোভেশন টিমের সদস্য শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) জনাব প্রতিষ্ঠা বড়ুয়া সভাকে অবহিত করেন যে:<br>(ক) OSH মডিউল আপডেট সংক্রান্ত ডিজিটালাইজেশন কার্যক্রমটি প্রাথমিকভাবে সম্পন্ন করে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে স্যান্ডবক্সে দেওয়া হয়েছে এবং লিমা টিম কর্তৃক ফিডব্যাক প্রদান করা হলে LIVE-এ দেওয়া হবে এবং জিআইজেড ২৮ জানুয়ারি ২০২২ তারিখের আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করবে।<br>(খ) সেবা সহজীকরণ কার্যক্রমের আওতায় গৃহীত অনলাইন লাইসেন্সিং (FD মডিউল) কার্যক্রমটি প্রাথমিকভাবে সম্পন্ন করে ২২ ডিসেম্বর ২০২১ তারিখে স্যান্ডবক্সে দেওয়া হয়েছে এবং লিমা টিম কর্তৃক ফিডব্যাক প্রদান করা হলে LIVE-এ দেওয়া হবে এবং জিআইজেড ২৮ জানুয়ারি ২০২২ তারিখের আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করবে।<br>ইনোভেশন টিমের সদস্য শ্রম পরিদর্শক (সাধারন) জনাব সাব্বির আনোয়ার সভাকে জানান যে, ইনোভেশন বিষয়ক অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন (টঙ্গাইল ও বগুড়া পাওয়া গেছে) অদ্যাবধি পাওয়া যায় নি। উলিইখিত প্রতবেদনটি দ্রুত প্রেরণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।<br>মহাপরিদর্শক বলেন, প্রধান কার্যালয়ের পাশাপাশি প্রতিটি জেলা কার্যালয়কে অন্তত ০১ (এক) টি করে উদ্ভাবনী উদ্যোগ (ইনোভেশন আইডিয়া) গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ট কার্যালয়ে তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | (ক) পরবর্তি সভায় বাছাইকৃত আইডিয়াসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br>(খ) সকল জেলা কার্যালয় নিজ নিজ অফিসে অন্তত একটি করে ইনোভেশন আইডিয়া গ্রহণ করে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবেন।<br>(গ) প্রতিটি কার্যালয় তাদের গৃহীত ইনোভেশন আইডিয়ার তালিকা এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তি সভার পূর্বে প্রধান কার্যালয়ের ইনোভেশন টিমের নিকট দাখিল করবেন।<br>(ঘ) ইনোভেশন সংক্রান্ত প্রমাণক ১০০% অর্জন করতে হবে। প্রতিমাসে ইনোভেশন টিমের সভা করতে হবে।<br>(ঙ) প্রতিটি কার্যালয়ের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন দ্রুত প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম |
| ১৩ | ই-ফাইলিং | অধিদপ্তরের সকল কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল উপমহাপরিদর্শকের কার্যালয় ও প্রধান কার্যালয়কে উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | সকল দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৪ | নিজস্ব অফিস ভবন নির্মাণ | উপমহাপরিদর্শক (রাজশাহী), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে নিজস্ব প্রধান কার্যালয় আগারগাঁও স্থাপনের জন্য উদ্যোগ গ্রহণ করার বিষয়টি বিবেচনার অনুরোধ করেন।<br>মহাপরিদর্শক বলেন, প্রধান কার্যালয়ের জন্য আগারগায়ে ১০ (দশ) কাঠা জমি বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা যায়। | (ক) সকল নতুন ভবন অধিদপ্তরের নিজ নামে অধিগ্রহণ করতে হবে।<br>(খ) আগারগাঁও, ঢাকায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় স্থাপন এর জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৫ | অধিদপ্তরের নাম পরিবর্তন | আইএলও কনভেনশন-৮১ মোতাবেক, সভায় উপস্থিত সকল সদস্য অধিদপ্তরের নাম পরিবর্তন করে **'শ্রম পরিদর্শন অধিদপ্তর'** করা যায় মর্মে একমত পোষণ করেন। | অধিদপ্তরের পরিবর্তিত নাম হিসাবে **'শ্রম পরিদর্শন অধিদপ্তর'** নামটি বিবেচনার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |

চলমান পাতা- ০৮

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১৬ | SDG | SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, SDG বাস্তবায়ন বিষয়ক খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে । অদ্যাবধি ০৫টি জেলায় উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হয়েছে এবং দ্রুত সময়ের মধ্যে বাকি জেলাগুলোতে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হবে। | SDG বাস্তবায়নে সংশ্লিষ্ট টিমের কার্যক্রম চলমান থাকবে এবং অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। SDG বাস্তবায়নে নিয়োজিত কর্মকর্তা |
| ১৭ | দুর্ঘটনা সংক্রান্ত তথ্যাদি | যুগ্মমহাপরিদর্শক (সেফটি) বলেন যে, কোন এলাকায় দুর্ঘটনা ঘটলে/শ্রমিক নিহত হলে আইন ও বিধি মতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তদন্ত প্রতিবেদনে অবশ্যই দায়ীদের দোষ-ত্রুটি/অবহেলা উল্লেখ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে সকল কারখানায় সেইফটি কমিটি গঠন করার জন্য সকল উপমহাপরিদর্শককে বলা হয়। তিনি আরও জানান যে, জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২১ মাসে ১০৩ জন শ্রমিককে ক্ষতিপূরণ প্রদান নিশ্চিত করা হয়েছে এবং অর্থের পরিমাণ ১.৪ কোটি টাকা।<br>নিহত ও আহত সকল তদন্ত রির্পোটের সাথে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ তাঁদের মতামত উল্লেখ করবেন। সকল দুর্ঘটনা মহাপরিদর্শক এবং প্রয়োজনে সচিব/মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে দ্রুত সম্ভব অবহিত করার জন্য সকল উপমহাপরিদর্শককে অনুরোধ করা হয়। | (ক) কোন এলাকায় দুর্ঘটনা ঘটলে/শ্রমিক আহত-নিহত হলে আইন ও বিধিমতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) তদন্ত প্রতিবেদনে অবশ্যই মালিক ও অধিদপ্তরের কর্মকর্তাদের যদি দোষ-ত্রুটি/অবহেলা থাকে তা উল্লেখ করতে হবে।<br>(গ) শ্রম আইন অনুযায়ী প্রত্যেকটি কারখানা/প্রতিষ্ঠানে সেফটি কমিটি গঠন করতে হবে।<br>(ঘ) দূর্ঘটনা প্রতিবেদন, দুর্ঘটনা হওয়ার সঙ্গে সঙ্গে প্রধান কার্যালয়কে অবগত করতে হবে।<br>(ঙ) পেশাগত স্বাস্থ্য সম্পর্কিত প্রতিবেদন দাখিলের জন্য মালিকদের সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(চ) আইন ও বিধি মোতাবেক দূর্ঘটনায় নিহত/আহত শ্রমিক বা শ্রমিকের পরিবারকে ক্ষতিপূরণ প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br>(ছ) দূর্ঘটনা প্রতিবেদন দাখিলের জন্য মালিকদের সচেতন করতে হবে এবং পাশাপাশি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২। উপমহাপরির্শক (সেফটি)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৮ | পরিবহন ব্যয় ও জ্বালানির ব্যবহার | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন), জ্বালানি ব্যবহারের ক্ষেত্রে বিধি মোতাবেক প্রাপ্যতা অনুসারে খরচ করতে অনুরোধ করেন। উপমহাপরিদর্শকগণ স্ব-স্ব কার্যালয়ে বরাদ্দকৃত মোটরসাইকেল/স্কুটি সচল রাখবেন এবং যানবাহনের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করবেন। এছাড়াও কোন মটর সাইকেল/স্কুটি অব্যহৃত রাখা যাবে না মর্মে মতামত ব্যক্ত করা হয়। | সরকারি অর্থ, পিপিএ এবং পিপিআর ও আর্থিক নিয়মাচার অনুযায়ী সর্বোচ্চ স্বচ্চতার সাথে ব্যয় নিশ্চিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। হিসাব উপশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>৪। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১৯ | শ্রম অসন্তোষ | সকল উপমহাপরিদর্শকগণ তাঁদের নির্ধারিত অধিক্ষেত্রে শ্রম অসন্তোষ নিরসনে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন। শ্রম অসন্তোষ দেখা দিলে সাথে সাথে মালিক/শ্রমিকসহ পুরো টিম বসে তা নিরসন করতে হবে। প্রয়োজনে ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা আহ্বান করতে হবে। | (ক) সকল উপমহাপরিদর্শক তার নির্ধারিত অধিক্ষেত্রে শ্রম অসন্তোষ নিরসনে যথাযথ পদক্ষেপ গ্রহন করবেন এবং প্রতিমাসে রির্পোট প্রদান করবেন।<br>(খ) শ্রম অসন্তোষ হওয়ার সঙ্গে সঙ্গে বিষয়টি মহাপরিদর্শক/প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।<br>(গ) প্রয়োজনে ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা আহবান করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সাধারণ),<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২০ | পরিদর্শন সংক্রান্ত | মহাপরিদর্শক, নিয়মিত পরিদর্শন কার্যক্রম জোরদার করার জন্য সকল জেলার উপমহাপরিদর্শকগণকে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল কলকারখানা প্রমাপ অনুযায়ী পরিদর্শনের আওতায় আনতে হবে। কোন কারখানা পরিদর্শনের বাইরে রাখা যাবে; এ বিষয়টি নিশ্চিত করতে হবে। | (ক) উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল কলকারখানা পরিদর্শনের আওতায় আনতে হবে।<br>(খ) প্রমাপ অনুযায়ী পরিদর্শনের তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং সাধারণ শাখা তা নিশ্চিত করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা) |
| ২১ | অভিযোগ নিষ্পত্তি | উপমহাপরিদর্শক (সাধারণ) জানান যে, অত্র অধিদপ্তরের ২০২১-২২ (ডিসেম্বর মাসের) অর্থবছরের অভিযোগ নিষ্পত্তির হার ৮২.৪২% **(জেলাভিত্তিক অগ্রগতি: সংযুক্তি-০৩)**। প্রতি মাসে অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন ২৩ টি জেলা কার্যালয় হতে সংগ্রহ করা হয় এবং সংগৃহীত প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | (ক) অভিযোগ নিষ্পত্তির হার ১০০% অব্যাহত রাখতে হবে।<br>(খ) অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রেরণ অব্যাহত থাকবে।<br>(গ) পরবর্তি সভায় জেলাভিত্তিক অভিযোগ নিষ্পত্তির তথ্য ছক আকারে উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা) |
| ২২ | শুদ্ধাচার | শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, ২০২১-২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রম চলমান রয়েছে। ২য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, ২য় কোয়ার্টার পর্যন্ত শুদ্ধাচার কাঠামোর আওতায় সকল সূচকে ১০০% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।<br>মহাপরিদর্শক বলেন, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোয় অন্তর্ভূক্ত সকল সূচকে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। | (ক) শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২৩ জেলার সাথে যোগাযোগ রাখবেন।<br>(খ) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোয় অন্তর্ভূক্ত সকল সূচকে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>৩। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা) |
| ২৩ | কোভিড-১৯ | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন ও পরিদর্শন অব্যাহত রাখতে হবে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য প্রটোকলসহ সকল স্বাস্থ্য বিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। | উপমহাপরিদর্শক (সকল জেলা) |

চলমান পাতা- ১০

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ২৪ | ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প | প্রকল্প পরিচালক নিম্নোক্ত অগ্রগতি সভায় উপস্থাপন করেন:<br>অধিগ্রহণের কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে ৩টি জেলায় (যশোর, সিলেট, ও পাবনা) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র পাওয়া গেছে। জেলা উপমহাপরিদর্শকদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে। মুন্সীগঞ্জে কয়েকটি জমি প্রাথমিকভাবে চিহ্নিত করা হয়েছে। চলতি মাসের ভিতর প্রাথমিকভাবে চিহ্নিত জমিসমূহ পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করা যাবে। ৫টি জেলায় অধিগ্রহণের কাজ ফেব্রুয়ারি মাসের ভিতর উল্লেখযোগ্য অগ্রগতি হবে মর্মে আশা করা যায়।<br>মহাপরিদর্শক বলেন যে, প্রকল্পের প্রকল্প পরিচালককে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগন সার্বিক সহযোগীতা প্রদান করবেন এবং প্রয়োজনে প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণের অংশগ্রহণে সভা আয়োজন করতে পারেন। | (ক) দ্রুততম সময়ের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে জমিগুলোর অধিগ্রহণ সম্পন্ন করতে হবে।<br>(খ) পরবর্তি সভায় প্রকল্প পরিচালক অগ্রগতি উপস্থাপন করবেন।<br>(গ) আগামী সভায় জমি অধিগ্রহণ সংক্রান্ত অগ্রগতি উপস্থাপন করতে হবে। | প্রক্কল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প |
| ২৫ | "NOSHTRI" স্থাপন প্রকল্প | "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট (NOSHTRI)" স্থাপন প্রকল্পের বিষয়ে সভায় আলোচনা হয়। প্রকল্প পরিচালক বলেন যে, উল্লিখিত প্রকল্পের RDPP প্রণয়নপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।<br>প্রকল্পের ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্পটির মেয়াদ আগামী ৩০ জুন ২০২২ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। উল্লেখ্য যে, NOSHTRI প্রকল্পের আওতায় একাডেমিক ভবন নির্মাণ এবং অন্যান্য ভবনের ফিনিশিং কাজ চলমান রয়েছে।<br>মহাপরিদর্শক বলেন যে, প্রকল্পের আওতায় নির্ধারিত প্রশিক্ষণ কর্মসূচী অদ্যাবধি শুরু করা যায় নি। এ বিষয়ে পূর্বের প্রকল্প পরিচালকের কাছে ব্যাখ্যা চাওয়া যেতে পারে। | (ক) প্রকল্পের আওতায় প্রশীক্ষণ কর্মসূচী কেন অদ্যাবধি শুরু করা গেল না তা পূর্ববর্তী প্রকল্প পরিচালকের নিকট ব্যাখ্যা প্রদানের জন্য পত্র লিখতে হবে।<br>(খ) পরবর্তী সভায় প্রকল্প পরিচালক, প্রকল্পের সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করবেন।<br>(গ) অবিলম্বে প্রশিক্ষণ কর্মসূচী শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক, "NOSHTRI" স্থাপন প্রকল্প |
| ২৬ | "নির্বাচিত রেডিমেড গার্মেন্টস,প্লাস্টিক ও কেমিকেল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুকি নিরূপন" প্রকল্প | প্রকল্প পরিচালক (জনাব আব্দুল মুমিন) জানান যে, ইতোমধ্যে ঢাকায়-০২টি, গাজীপুরে-০২টি, নারায়ণগঞ্জে-০২টি, চট্টগ্রামে-০২ এবং বগুড়ায়-০১টি (সর্বমোট ০৯টি) সেমিনার আয়োজন করা হয়েছে। প্রকল্পের আওতায় এসেসমেন্টকৃত কারখানাগুলো নিয়মিত তদারক করা হচ্ছে এবং এবং জেলাভিত্তিক তথ্য উপস্থাপন করেন **(জেলাভিত্তিক তথ্য সংযুক্ত)** । | (ক) প্রকল্পের আওতায় এসেসমেন্টকৃত কারখানাগুলো নিয়মিত তদারক করতে হবে এবং জেলাভিত্তিক তথ্য পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) পিসিআর প্রণয়নের প্রাথমিক কাজ শুরু করতে হবে।<br>(গ) অবশিষ্ট কারখানা পরিদর্শনের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক ও "নির্বাচিত রেডিমেড গার্মেন্টস,প্লাস্টিক ও কেমিকেল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুকি নিরূপন" প্রকল্প |
| ২৭ | আউটসোর্সিং লাইসেন্স নবায়ন প্রতিবেদন | যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) বলেন যে, প্রধানের কার্যালয় হতে আউটসোর্সিং লাইসেন্স প্রদানের জন্য জেলা কার্যালয় হতে পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তিতে প্রায়ই বিলম্ব হয় এবং প্রতিবেদনে কোন মন্তব্য থাকে না। এর ফলে সেবাগ্রহীতাদের সেবা প্রদানে বিঘ্ন ঘটে এবং বিলম্ব হয়। আউটসোর্সিং | নির্ধারিত সময়ের মধ্যে আউটসোর্সিং লাইসেন্স সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদন সুস্পষ্ট মতামতসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে এসংক্রান্ত প্রতিবেদন দ্রুত প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সকল উপমহপরিদর্শকগণকে অনুরোধ জানান। | | |
| ২৮ | শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে জমাকৃত অর্থ | যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) বলেন যে, নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত করা হয়। | নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৯ | প্রতিটি কারখানার জন্য পৃথক নথি সংরক্ষণ | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) বলেন যে, জেলা কার্যালয়গুলোতে প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করার জন্য বিগত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিটি কার্যালয় সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করেন মর্মে অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করেছেন। | সকল জেলা কার্যালয়ে প্রতিটি কারখানা/ প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম বিষয়টি পর্যবেক্ষণ করবেন। | ১। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা)<br>২। মনিটরিং টিম |
| ৩০ | প্রতিটি কারখানার পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ | যুগ্মমহাপরিদর্শক (সাধারণ) বলেন যে, নিয়মিত পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর করার নিমিত্ত প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের পরিদর্শন রেজিস্টার জেলা কার্যালয়গুলোতে সংরক্ষণ করা হচ্ছে এবং কার্যক্রমটি চলমান থাকবে। | সকল জেলা কার্যালয় প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানে পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ নিশ্চিত করতে হবে। | ১। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা) |
| ৩১ | ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন | ইপিজেড এবং এসইপিজেড-এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করার জন্য মহাপরিদর্শক মহোদয় সকল জেলার উপমহাপরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করেন। | ইপিজেড এবং এসইপিজেড- এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করতে হবে এবং জেলা ভিত্তিক পরিদর্শনের তথ্য পরবর্তি সভার পূর্বে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা) |
| ৩২ | টাস্কফোর্সের কার্যক্রম পরিচালনা | টাস্কফোর্সের কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) বলেন যে, টাস্কফোর্সের সভাগুলো নিয়মিত আয়োজন করা হচ্ছে। দ্রুত একটি সভা আয়োজন করে টাস্কফোর্সের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে মহাপরিদর্শক মহোদয়কে সার্বিক অগ্রগতি উপস্থাপন করা হবে। তিনি আরও বলেন যে, টাস্কফোর্সের সভাপতির এবং সদস্য সচিব মহোদয়ের সম্মানী ভাতা ইতোপূর্বে CAP বাস্তবায়ন প্রকল্প হতে প্রদান করা হয়। CAP বাস্তবায়ন প্রকল্পটি সম্পন্ন হওয়ায় উক্ত সম্মানীর অর্থ বিধি মোতাবেক রাজস্ব খাত হতে বহন করা যেতে পারে। | (ক) বিভিন্ন ক্যাটাগরীতে (ফায়ার, ইলেক্ট্রিক্যাল, স্ট্রাকচারাল) টাস্কফোর্সের-এর অধীনে জেলাভিত্তিক কারখানার সংখ্যা এবং তন্মধ্যে কতটি কারখানার কার্যক্রম অনিষ্পন্ন রয়েছে, তা অনতিবিলম্বে মহাপরিদর্শক মহোদয়কে অবহিত করতে হবে।<br>(খ) টাস্কফোর্সের পরিচালনার দায়িত্বপ্রাপ্ত অত্র দপ্তরের ০৯ (নয়) জন প্রকৌশলী পরবর্তি সভায় উপস্থিত থাকবেন এবং টাস্কফোর্সের অগ্রগতি সভায় উপস্থাপন করবেন।<br>(গ) ডিসেম্বর/২০২১ হতে আয়োজিত টাস্কফোর্স সভাসমূহের সভাপতি এবং সদস্য সচিবের | ১। যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br>২। উপমহাপরির্শক (সেফটি)<br>০৩। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা)<br>০৪। টাস্কফোর্সে নিয়োজিত প্রকৌশলী (সকল) |

চলমান পাতা- ১২

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | সম্মানী ভাতা অত্র অধিদপ্তরের রাজস্ব খাত হতে বিধি মোতাবেক প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৩৩ | মনিটরিং টিম-এর কার্যক্রম | জেলা কার্যালয়সমূহের কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্ত প্রধান কার্যালয়ে গঠিত মনিটরিং টিম-এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। মহাপরিপরিদর্শক বলেন যে, ২০২২ সালের জন্য পরিদর্শন টিমসমূহের নতুন কর্মপরিকল্পনার প্রস্তাব দ্রুত নথিতে উপস্থাপন করতে হবে। | (ক) গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী মনিটরিং-এর কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) মনিটরিং কার্যক্রমের অগ্রগতি পরবর্তি সভায় সংখ্যাগতভাবে উপস্থাপন করবেন। | ১। মনিটরিং টিমের সদস্যবৃন্দ |
| ৩৪ | পরিদর্শকগণের পোশাক সংক্রান্ত | উপমহাপরিদর্শক (কিশোরগঞ্জ) বলেন যে, ইতোপূর্বে অত্র দপ্তরের পরিদর্শকদের পরিদর্শনের জন্য নির্ধারিত পোশাক ছিল যা অনুমোদিত না হওয়ায় বর্তমানে ব্যবহৃত হচ্ছে। অধিদপ্তরের নির্ধারিত পোশাক অনুমোদিত হলে পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর হবে মর্মে সভাকে অবহিত করেন। | (ক) অধিদপ্তরের ইউনিফরম/ পোশাক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের ক্ষেত্রে ইতোপূর্বে গৃহীত সকল কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি দ্রুত সময়ের মধ্যে মহাপরিদর্শক মহোদয়কে অবগত করতে হবে।<br>(খ) ইতিপূর্বে সম্পাদিত সকল কাজের তথ্য-উপাত্ত দিতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৩৫ | সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম | সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের বিষয়ে সভায় আলোচনা হয় এবং এ বিষয়ে অতিরিক্ত মহাপরিদর্শকের নেতৃত্বে গঠিত কমিটি সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ টিমের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রাখবেন।<br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব শাহিনুর রহমান জানান যে, সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম অদ্যাবধি **৭১৬ টি** (লক্ষ্যমাত্রা: ৫,১৫০ টি) কারখানা/প্রতিষ্ঠানে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে **(জেলাভিত্তিক অগ্রগতি সংযুক্ত করা হলো)**। তিনি আরও জানান যে, গঠিত পরিদর্শন টিমের সকল সদস্যদের মোট ০৭ (সাত) টি প্রশিক্ষণ কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ০২ (দুই) টি প্রশিক্ষণ আগামী ০৯ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে। | (ক) সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ টিমের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রেখে সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) সর্বোচ্চ অগ্রাধিকারের ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(গ) কোন অসুবিধা দেখা দিলে দ্রুত সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করতে হবে। | ১।অতিরিক্ত মহাপরিদর্শক, প্রধান কার্যালয় ও এ লক্ষ্যে গঠিত কমিটির অন্যান্য সদস্যবৃন্দ<br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৩। মোঃ শাহিনুর রহমান, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |
| ৩৬ | মামলা সংক্রান্ত তথ্য-উপাত্ত | মহাপরিদর্শক অত্র অধিদপ্তরের চলমান বিভাগীয় মামলা ও রীট মামলার বিষয়ে সভায় আলোচনা করেন এবং বিধি মোতাবেক নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করে। এসংক্রান্ত তথ্য-উপাত্ত পরবর্তী সভায় উপস্থাপনের জন্য বলা হয়। | (ক) চলমান মামলা তদারক করার জন্য প্রতিটি কার্যালয় হতে এক জন করে কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে।<br>(খ) এ অধিদপ্তরের চলমান বিভাগীয় মামলা ও রীট মামলাসমূহের তথ্য-উপাত্ত পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। মোঃ মাসুম বিল্লাহ, আইন কর্মকর্তা<br>৪। ইফফাত আরা, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | (গ) মামলার তথ্য-উপাত্ত সংরক্ষণের জন্য একটি সফটওয়্যার তৈরির উদ্যোগ দিতে হবে। | |
| ৩৭ | অডিট আপত্তি | শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব ওহীদুর রহমান জানান যে, বর্তমানে চলমান অডিট আপত্তির সংখ্যা ২৮ টি। ১১ টি আপত্তির ব্রডশীট জবাব ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে এবং বাকি ১৭ টি আপত্তির ব্রডশীট জবাব দ্রুত প্রেরণ করা হবে।<br>মহাপরিদর্শক বলেন যে, অত্র অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্ন করতে হবে এবং অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | (ক) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্নের উদ্যোগ নিতে হবে।<br>(খ) অডিট আপত্তি নিষ্পত্তির সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রসাসন ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা)<br>৩। মোঃ ওহীদুর রহমান, শ্রম পরিদর্শক (সাধারণ) |
| ৩৮ | তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ | তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/<br>হালনাগাদকরণের ব্যাপারে আলোচনা হয়। | (ক) তথ্য প্রদান সহজীকরণ করার নিমিত্তে প্রধান কার্যালয়ের **প্রশাসন ও উন্নয়ন শাখা** এপিএ, রাজস্ব আয়, প্রশিক্ষণ, জনবল, বিভিন্ন কমিটিসহ প্রশাসন শাখা সংশ্লিষ্ট তথ্যের ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(খ) **সাধারণ শাখা** শ্রম পরিদর্শন, শ্রম অভিযোগ, শ্রম বিষয়ক মামলা, লাইসেন্স, গণশুনানি, ঠিকাদারি সংস্থার লাইসেন্স, নিম্নতম মজুরি, নিয়োগবিধি, পরিদর্শনযোগ্য কারখানা ও প্রতিষ্ঠান, হেল্প লাইন, কারখানায় শ্রমিক সংখ্যাসহ শাখা সংশ্লিষ্ট তথ্যের ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(গ) **সেইফটি শাখা** কারখানায় দুর্ঘটনা ও ক্ষতিপূরণ, সেইফটি কমিটি ও সংস্কার সমন্বয় সেলসহ সেইফটি শাখাসংশ্লিষ্ট সকল তথ্যের ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(ঘ) **স্বাস্থ্য শাখা** শিশুশ্রম, প্রসূতিকল্যাণ সুবিধা, শিশুকক্ষ স্থাপনসহ শাখা সংশ্লিষ্ট সকল তথ্যের ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(ঙ) **প্রকল্প পরিচালকগণ** স্ব স্ব প্রকল্প বিষয়ক তথ্যের ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(চ) **আইসিটি সেল** ইনোভেশন, সেবা সহজীকরণ, তথ্য বাতায়ন | ১। প্রকল্প পরিচালক (সকল)<br>২। যুগ্মমহাপরিদর্শক (সকল)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। তথ্য অধিকার বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

চলমান পাতা- ১৪

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | ও আইটিসংশ্লিষ্ট তথ্যাবলির ক্যাটালগ হালনাগাদ রাখবেন।<br>(ঘ) **আঞ্চলিক কার্যালয়ের সকল উপমহাপরিদর্শকগণ** স্ব স্ব কার্যালয় কর্তৃক সম্পাদিত সকল কার্যক্রমের তথ্য ও পরিসংখ্যানের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুতপূর্বক তা হালনাগাদ রাখবেন। | |
| ৩৯ | বিবিধ | উপমহাপরিদর্শক (ফরিদপুর) জানান যে, পাসপোর্ট অধিদপ্তর, পিএসসি, অডিট অফিসসহ অন্যান্য অনেক অধিদপ্তরের ওয়েব পোর্টালে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের নাম সঠিকভাবে লিপিবদ্ধ নেই। এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভার প্রতি অনুরোধ জানান। | (ক) যেসকল অধিদপ্তরের ওয়েব পোর্টালে এ অধিদপ্তরের নাম সঠিকভাবে লিপিবদ্ধ করা নেই, সেসকল অধিদপ্তরে নাম সংশোধনের জন্য মন্ত্রণালয়ের মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে।<br>২। RCC, CAP প্রকল্প, ILO, NAP, BIDA সংক্রান্ত কার্যক্রম এবং EU Road Map বাস্তবায়নে অতিরিক্ত মহাপরিদর্শককে বিশেষ নজর দেয়ার জন্য অনুরোধ করা হলো। | ১। অতিরিক্ত মহাপরিদর্শক, প্রধান কার্যালয়<br>২। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>৪। উপমহাপরিদর্শকগণ (সকল জেলা) |

২। সকলের সুস্থতা কামনা করে পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০১.2022

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮৩৯১৩৪৮
ig@dife.gov.bd

স্মারক নং: ৪০.০১.০০০০.১০১.০৬.০০২.২১- ৪২৭(৪৯)

তারিখ: ২৭ জানুয়ারি ২০২২

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)